

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জুলাই ৭, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়  
পরিকল্পনা শাখা-৩

প্রজ্ঞাপন

তারিখ, ২৩ আষাঢ় ১৪২২ বঙ্গাব্দ/০৭ জুলাই ২০১৫ খ্রিস্টাব্দ

নং ২৫.০৩২.১৪.০০.০০.০০৯.২০১৫-১৬৭—Town Improvement Act, 1953 (E.B Act XIII of 1953), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 73 এ প্রদত্ত ক্ষমতাবলে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) এর এখতিয়ারাধীন ১৫২৮ বর্গকিলোমিটার (৫৯০ বর্গমাইল) এলাকায় ডিটেইল্ড এরিয়া প্ল্যান (DAP) প্রণয়নের কাজ সম্পন্ন করা হয়, যা মন্ত্রিসভার অনুমোদনক্রমে এসআরও নং ২৩২-আইন/২০১০, তারিখ ২২ জুন ২০১০ মূলে সরকার কর্তৃক গেজেট প্রজ্ঞাপন হিসেবে প্রকাশিত হয়।

২। অতঃপর মন্ত্রিপরিষদ বিভাগের গেজেট প্রজ্ঞাপন নং ০৪.৬১১.০০৬.০০.০০.০১০.২০১০-১১৯, তারিখ ২৮ জুন ২০১০ এর মাধ্যমে রাজউক কর্তৃক প্রণীত ডিটেইল্ড এরিয়া প্ল্যান (ড্যাপ) আরও বিশদভাবে পর্যালোচনাক্রমে চূড়ান্তকরণের নিমিত্ত মন্ত্রিসভা কমিটি গঠন করা হয় এবং মন্ত্রিপরিষদ বিভাগের গেজেট প্রজ্ঞাপন নং ০৪.৬১১.০০৬.০০.০০.০১০.২০১০-৬৪, তারিখ ০১ এপ্রিল ২০১৪ এর মাধ্যমে উক্ত মন্ত্রিসভা কমিটি পুনর্গঠন করা হয়।

( ৫৫৭৩ )

মূল্য : টাকা ৪.০০

৩। মন্ত্রিসভা কমিটির ২২ ফেব্রুয়ারি ২০১৫ তারিখে অনুষ্ঠিত ৬ষ্ঠ সভায় ঢাকা জেলার বাড্ডা থানাধীন বাড্ডা মৌজার আর এস দাগ নং ২১৫৬, ২৬১৩, ২৬১৪, ২৬২২, ২৬২৬, ২৬২৭, ২৬২৮, ২৬২৯, ২৬৩০, ২৬৩২, ২৬৩৩, ২৬৩৭, ২৬৩৮, ২৬৩৯, ২৬৪০, ২৬৪১, ২৬৪২, ২৬৪৩, ২৬৪৪, ২৬৪৫, ২৬৪৬, ২৬৫১, ২৬৫২, ২৬৫৩, ২৬৫৭, ৩২৮৫, ৩২৯৮ ও ৩৩০৫ এ অবস্থিত জমিতে ব্র্যাক বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার লক্ষ্যে উক্ত এলাকার ড্যাপে চিহ্নিত ভূমি ব্যবহার শ্রেণী Institutional Zone এ পরিবর্তনের আবেদন নিম্নোক্ত শর্ত পূরণ সাপেক্ষে অনুমোদন করা হয়, যা এতদ্বারা প্রকাশ করা হলো :

**শর্ত :** BRTC, BUET কর্তৃক দাখিলকৃত EIA, TIA ও Water Modeling প্রতিবেদনের সুপারিশ সংশ্লিষ্ট আবেদনকারী প্রতিষ্ঠান কর্তৃক যথাযথভাবে প্রতিপালন করতে হবে।

৪। উল্লেখ্য, ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের আবেদনে উল্লিখিত ভূমির তফসিল ও সীমানা চিহ্নিত নকশা রাজউক এর পরিকল্পনা শাখায় সংরক্ষিত আছে। উল্লিখিত ভূমির শ্রেণী পরিবর্তনের বিষয়ে জমির দাগভিত্তিক অবস্থান রাজউক পরীক্ষা-নিরীক্ষা করে বিধি-বিধানের আলোকে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং উল্লিখিত শর্ত প্রতিপালনের বিষয়টি নিশ্চিত করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ গোলাম মোছাদ্দেক  
সিনিয়র সহকারী প্রধান।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd